ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬ (ছয়) টি মেট্রোরেল সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় মোট ১২৮.৭৪১ কিলোমিটার (উড়াল ৬৭.৫৬৯ কিলোমিটার এবং পাতাল ৬১.১৭২ কিলোমিটার) দীর্ঘ ও ১০৪টি স্টেশন (উড়াল ৫১টি এবং পাতাল ৫৩টি) বিশিষ্ট একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিম্নোক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে।

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০

ক্রম	এমআরটি লাইনের নাম	পর্যায়	সম্ভাব্য সমাপ্তির সাল	ধরণ
১.	এমআরটি লাইন-৬	প্রথম	২০২৪	উড়াল
২.	এমআরটি লাইন-১	দ্বিতীয়	২০২৬	উড়াল ও পাতাল
৩.	এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট		২০২৮	
৪.	এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট	তৃতীয়	২০৩০	
৫.	এমআরটি লাইন-২			
৬.	এমআরটি লাইন-৪			উড়াল

এ সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুসরণে ২০.১০ কিলোমিটার দীর্ঘ বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল বা MRT Line-6 এর নির্মাণ কাজ early commissioning এর লক্ষ্যমাত্রা অর্জনে পুরোদমে এগিয়ে চলছে। ২০২৬ সালের মধ্যে কমলাপুর থেকে বিমানবন্দর পর্যন্ত ১৯.৮৭২ কিলোমিটার পাতাল এবং নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো পর্যন্ত ১১.৩৬৯ কিলোমিটার উড়াল মোট ৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ ও ২১টি স্টেশন বিশিষ্ট MRT Line-1 নির্মাণের লক্ষ্যে Detailed Design এর কাজ চলমান। কমলাপুর থেকে বিমানবন্দর রুটেই বাংলাদেশে প্রথম পাতাল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে। ২০২৮ সালের মধ্যে উড়াল ও পাতাল মেট্রোরেলের সমন্বয়ে ২০ কিলোমিটার দীর্ঘ MRT Line-5: Northern Route-এর Basic Design ও বিভিন্ন Survey এর কাজ চলছে। ২০৩০ সালের মধ্যে উড়াল ও পাতাল মেট্রোরেলের সমন্বয়ে ১৭.৪০ কিলোমিটার দীর্ঘ MRT Line-5: Southern Route-এর পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। একই সময়ের মধ্যে G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 নির্মাণের লক্ষ্যে নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান Full Scale Study (FSS) শুরু করেছে। ২০৩০ সালের মধ্যে কমলাপুর থেকে নারায়ণগঞ্জ পর্যন্ত রেলওয়ে ট্র্যাকের পার্শ্ব দিয়ে প্রায় ১৬ কিলোমিটার দীর্ঘ উড়াল মেট্রোরেল হিসেবে PPP পদ্ধতিতে MRT Line-4 নির্মাণের উদ্যোগ প্রক্রিয়াধীন আছে।

MRT Line-6 বা বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ অনুসরণে ২০.১০ কিলোমিটার দীর্ঘ প্রায় ২২,০০০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে উত্তরা ৩য় পর্ব হতে মতিঝিল পর্যন্ত Mass Rapid Transit (MRT) Line-6 বা বাংলাদেশের প্রথম মেট্রোরেলের নির্মাণ কাজের সার্বিক গড় অগ্রগতি **৫৫.১৯**%। প্রথম পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত উত্তরা তৃতীয় পর্ব হতে আগারগাঁও অংশের পূর্ত কাজের অগ্রগতি **৭৮.৩৮**%। দ্বিতীয় পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত আগারগাঁও থেকে মতিঝিল অংশের পূর্ত কাজের অগ্রগতি **৪৯.৪৭**%। ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল সিস্টেম এবং রোলিং স্টক (রেলকোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ কাজের সমন্বিত অগ্রগতি **৪৩.৮২**%। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুসরণে মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত MRT Line-6 বর্ধিত করার নিমিত্ত ইতোমধ্যে অংশীজন সভা অনুষ্ঠিত হয়েছে। Household Survey চলছে। Social Study চূড়ান্ত পর্যায়ে রয়েছে। এ অংশের দৈর্ঘ্য ১.১৬ কিলোমিটার।

প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি

Dhaka Mass Rapid Transit Development Project (Line-6) মোট ৮টি প্যাকেজে বাস্তবায়ন করা হচ্ছে। ৩১ ডিসেম্বর ২০২০ তারিখ পর্যন্ত প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

- **প্যাকেজ-০১ (ডিপো এলাকার ভূমি উন্নয়ন):** এ প্যাকেজের বাস্তব কাজ গত ৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখ শুরু হয়ে নির্ধারিত সময়ের ০৯ (নয়) মাস পূর্বে গত ৩১ জানুয়ারি ২০১৮ তারিখ সমাপ্ত হয়েছে। এতে সরকারের ৭০ কোটি ৫৮ লক্ষ টাকা সাশ্রয় হয়েছে। বাস্তব অগ্রগতি ১০০%।

- **প্যাকেজ-২ (ডিপো এলাকার পূর্ত কাজ):** এ প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু হয়েছে। ডিপোর অভ্যন্তরে মোট ৫২টি অবকাঠামোর নির্মাণকাজ পুরোদমে এগিয়ে চলছে। ডিপো এলাকার পূর্ত কাজের বাস্তব অগ্রগতি ৭৭.০০%।

- **প্যাকেজ-০৩ ও ০৪ (উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত ১১.৭৩ কিলোমিটার ভায়াডাক্ট ও ৯টি স্টেশন নির্মাণ):** উভয় প্যাকেজের কাজ ১ আগস্ট ২০১৭ তারিখ শুরু হয়েছে। ইতোমধ্যে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং, টেস্ট পাইল, মূল পাইল, পাইল ক্যাপ, আই-গার্ডার, প্রিকাস্ট সেগমেন্ট কাস্টিং ও পিয়ার হেড নির্মাণ সম্পন্ন হয়েছে। ১১.৭৩ কিলোমিটার ভায়াডাক্ট এর মধ্যে ১১.৩০ (এগার দশমিক তিন শূন্য) কিলোমিটার ভায়াডাক্ট দৃশ্যমান হয়েছে। ০৯টি স্টেশনের sub-structure নির্মাণ সম্পন্ন হয়েছে। উত্তরা উত্তর, উত্তরা সেন্টার ও উত্তরা দক্ষিণ স্টেশনের concourse ছাদ নির্মাণ সমাপ্ত হয়েছে। বর্তমানে পল্লবী, মিরপুর-১১, মিরপুর-১০, কাজীপাড়া এবং শেওড়াপাড়া স্টেশনের concourse ছাদ নির্মাণের কাজ চলছে। উত্তরা সেন্টার ও উত্তরা দক্ষিণ স্টেশনের প্লাটফর্ম নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। উত্তরা উত্তর স্টেশনের প্লাটফরম নির্মাণ কাজ শেষ পর্যায়ে আছে। পল্লবী, মিরপুর-১১ এবং কাজীপাড়া স্টেশনে সমাপ্তকৃত (আংশিক) concourse এর উপর প্লাটফর্ম নির্মাণ শুরু হয়েছে। উত্তরা উত্তর, উত্তরা সেন্টার ও উত্তরা দক্ষিণ স্টেশনে Steel Structure Erection এর কাজ চলছে। উত্তরা উত্তর, উত্তরা সেন্টার ও উত্তরা দক্ষিণ স্টেশনে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ও প্লাম্বিং এর কাজ শুরু হয়েছে। উত্তরা উত্তর, উত্তরা সেন্টার ও উত্তরা দক্ষিণ স্টেশন Contract Package CP-07 কে হস্তান্তরের জন্য বৈদ্যুতিক সাব-স্টেশন, সিগনালিং ও টেলিকমিউনিকেশন এবং স্টেশন কন্ট্রোলার কক্ষ নির্মাণ কাজ চলছে। মেট্রোরেল নির্মাণে স্বাভাবিক পানির প্রবাহ ও ট্রাফিক ব্যবস্থাপনা যাতে বাঁধাগ্রস্থ না হয় তা বিবেচনায় ০৫ টি long span balance cantilever এর মধ্যে ০৪টি সমাপ্ত হয়েছে এবং বাকী ০১ টির নির্মাণ কাজ চলমান আছে। Contract Package CP-03 & CP-04 এর মোট ৭.৮৩ কিলোমিটার ভায়াডাক্ট রেললাইন ও Overhead Catenaries System (OCS) Mast স্থাপনের জন্য CP-07 এর ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর করা হয়েছে। সার্বিক অগ্রগতি ৭৫.৮৫%।

- **প্যাকেজ-৫ (আগারগাঁও থেকে কারওয়ান বাজার পর্যন্ত ৩.১৯৫ কিলোমিটার ভায়াডাক্ট ও ৩ টি স্টেশন নির্মাণকাজ):** এ প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়েছে। বর্তমানে এ অংশে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং, ট্রায়াল ট্রেঞ্চ, টেস্ট পাইল, স্থায়ী বোরড্ পাইল, পিয়ার কলাম ও পিয়ার হেড সম্পন্ন হয়েছে। মোট ২০৩টি পাইল ক্যাপ এর মধ্যে মেইন লাইনের সকল পাইল ক্যাপ (১০৬ টি) এবং স্টেশনের ৯৭টি পাইল ক্যাপের মধ্যে ৪৪টি সহ মোট ১৫০টি পাইল ক্যাপ সম্পন্ন হয়েছে। বর্তমানে বিজয় সরণি, ফার্মগেট ও কারওয়ান বাজার স্টেশনের sub-structure নির্মাণ কাজ অব্যাহত রয়েছে। মোট ১১৫ টি স্টেশন কলামের মধ্যে ৩২টি স্টেশন কলাম সম্পন্ন হয়েছে। ৬টি Portal Beam এর মধ্যে ৩টি Portal Beam নির্মাণ সম্পন্ন হয়েছে। ২টি Special Long Span এর মধ্যে ১টির কাজ অব্যাহত আছে। ১০৪৮টি প্রিকাস্ট সেগমেন্ট এর মধ্যে ৩৬৩টি সেগমেন্ট সম্পন্ন হয়েছে এবং ৩২৩৪টি প্যারাপেট ওয়ালের মধ্যে ৯৬টি প্যারাপেট ওয়াল সম্পন্ন হয়েছে। উত্তরা ডিপো এলাকায় নির্মাণাধীন Metro Rail Exhibition & Information Center-এর পূর্ত কাজের অগ্রগতি ৯৮%। ৩.১৯৫ কিলোমিটার ভায়াডাক্টের মধ্যে ২৪০ মিটার ভায়াডাক্ট দৃশ্যমান হয়েছে। এ প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ৫৪.১৪%।

- **প্যাকেজ-৬ (কারওয়ান বাজার থেকে মতিঝিল পর্যন্ত ৪.৯২২ কিলোমিটার ভায়াডাক্ট ও ৪ টি স্টেশন নির্মাণকাজ):** এ প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়েছে। বর্তমানে এ অংশে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং, ট্রায়াল ট্রেঞ্চ, টেস্ট পাইল ও স্থায়ী বোরড্ পাইল সম্পন্ন হয়েছে। ১৬০টি পিয়ার কলাম এর মধ্যে ১৩৯টি পিয়ার কলাম সম্পন্ন হয়েছে। মোট ২৯৮টি পাইল ক্যাপের মধ্যে ১৭২টি পাইল ক্যাপ সম্পন্ন হয়েছে। ১৩৬টি পিয়ার হেডের মধ্যে ১১৭টি পিয়ার হেড সম্পন্ন হয়েছে এবং ১৬২০টি সেগমেন্ট এর মধ্যে ৮৪৪টি সেগমেন্ট কাস্টিং সম্পন্ন হয়েছে। মোট ৪৯৪৬ টি প্যারাপেট ওয়ালের মধ্যে ১৪৬টি প্যারাপেট ওয়াল সম্পন্ন হয়েছে। মোট ০৯টি Portal Beam এর মধ্যে ০১টি Portal Beam নির্মাণ সম্পন্ন হয়েছে। বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয় ও মতিঝিল স্টেশনের sub-structure নির্মাণ কাজ অব্যাহত রয়েছে। ৪.৯২২ কিলোমিটার ভায়াডাক্টের মধ্যে ২৪০ মিটার ভায়াডাক্ট দৃশ্যমান হয়েছে। বাস্তব অগ্রগতি ৫৫.০৮%।
- **প্যাকেজ-৭ (ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম):** ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম সরবরাহ ও নির্মাণ কাজ গত ১১ জুলাই ২০১৮ তারিখ শুরু হয়েছে। টঙ্গী ও মানিকনগর গ্রিড সাব-স্টেশনে Bay স্থাপন এবং উত্তরা ডিপোতে রিসিভিং সাব-স্টেশন (RSS) এর পূর্ত কাজ সম্পন্ন হয়েছে। উত্তরা ডিপোতে রিসিভিং সাব-স্টেশন (RSS) এর টেস্টিং এন্ড কমিশনিং এর কাজ সমাপ্ত হয়েছে এবং সাব-স্টেশন বিদ্যুতায়নের অনুমোদন প্রক্রিয়াধীন রয়েছে। মতিঝিল রিসিভিং সাব-স্টেশন (RSS) এর ভবন নির্মাণ কাজ চলমান। বৈদ্যুতিক সরঞ্জাম এবং রেল লাইন নির্মাণের অধিকাংশ মালামাল উত্তরা ডিপোতে এসে পৌঁছেছে। ডিপো এলাকার ওয়ার্কসপ শেড-এর অভ্যন্তরে ১১টি রেললাইনের মধ্যে ৫টি লাইন (Track No. ২২, ২৩, ২৪, ২৫, ২৫a) এর কাজ সম্পন্ন হয়েছে এবং ৬টি লাইনে রেলট্র্যাক স্থাপনের কাজ চলছে। স্ট্যাবলিং শেড এর অভ্যন্তরে ১৯ টি রেল লাইনের মধ্যে ১৪টি-তে রেল লাইন স্থাপনের কাজ চলছে। উত্তরা ডিপোর ব্যালাস্টেড রেল ট্র্যাক এর জন্য Rail Welding এর কাজ সমাপ্ত হয়েছে। ইতোমধ্যে ডিপোতে ৮.০০ কিলোমিটার রেল লাইন স্থাপন করা হয়েছে। ডিপোর অভ্যন্তরে রেললাইন স্থাপন কাজের সার্বিক অগ্রগতি ৬০%। ভায়াডাক্টের উপর মেইন লাইনের ২৬৭৮টি Rail Joint Welding এর মধ্যে ১২৫০টি সম্পন্ন হয়েছে। ভায়াডাক্টের উপর ৫.৬০ কিলোমিটার Track Plinth Casting সম্পন্ন হয়েছে এবং তন্মধ্যে ৩.২৫ কিলোমিটার রেল লাইন স্থাপন করা হয়েছে। Exhibition and Information Centre এ Passenger Gate (PG) এবং Ticket Vending Machine (TVM) স্থাপনের কাজ সমাপ্ত হয়েছে। উত্তরা ডিপোতে Auxiliary Sub-Station (ASS) এবং Traction Sub-Station (TSS) এর Transformer এবং Switchgear Installation কাজ সমাপ্ত হয়েছে এবং প্যানেল টেস্টিং/কমিশনিং এর কাজ চলছে। ডিপোর অভ্যন্তরে OCS Mast স্থাপনের কাজ সমাপ্ত হয়েছে। Test Track এ Overhead Catenary Wire স্থাপন কাজ সমাপ্ত হয়েছে। OCS Mast এর সাথে Pole-band & Cantilever স্থাপন কাজ চলমান। ভায়াডাক্টের ওপর OCS Portal/Mast স্থাপনের কাজ চলছে (অগ্রগতি ৬০%, আগারগাঁও পর্যন্ত অংশের)। ডেসকো সাব-স্টেশন থেকে উত্তরা রিসিভিং সাব-স্টেশন (RSS) পর্যন্ত ১৩২ কেভি আন্ডারগ্রাউন্ড ক্যাবল (১ম সার্কিট) লেইং এবং ক্যাবল জয়েন্টিং এর কাজ সমাপ্ত হয়েছে। উত্তরা রিসিভিং সাব-স্টেশন (RSS) থেকে পিজিসিবি গ্রিড সাব-স্টেশন পর্যন্ত ১৩২ কেভি আন্ডারগ্রাউন্ড ক্যাবল (২য় সার্কিট) লেইং এর কাজ চলমান। Jumper Fittings, Platform Screen Door, Wayside Radio equipment, CBTC Equipment ইত্যাদি মালামাল ডিপোতে এসে পৌঁছেছে। বাস্তব অগ্রগতি ৫৫.৬০%।
- **প্যাকেজ-৮ [রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ]:** এ প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু করা হয়েছে। Bogie নির্মাণের কাজ ১৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ জাপানে শুরু হয়েছে। যাত্রীবাহী কোচ (কারবডি) নির্মাণের কাজ ১৬ এপ্রিল ২০১৯ তারিখ জাপানে শুরু করা হয়েছে। মেট্রো ট্রেনের Mock Up গত ২৬ ডিসেম্বর ২০১৯ তারিখ উত্তরা ডিপোতে এসে পৌঁছেছে এবং ২৩ ফেব্রয়ারি ২০২০ তারিখ উত্তরা ডিপোর Exhibition & Information Center এ স্থাপন করা হয়েছে। ০৬(ছয়)টি যাত্রীবাহী কোচ সম্বলিত ০৫টি মেট্রো ট্রেন সেটের নির্মাণ কাজ জাপানে সম্পন্ন হয়েছে। জাপান এবং বাংলাদেশের করোনা পরিস্থিতি উন্নতি হলে উল্লিখিত ০৫টি মেট্রো ট্রেন সেট পর্যায়ক্রমে বাংলাদেশে নিয়ে আসা হবে। মেট্রো ট্রেন সেটসমূহ বাংলাদেশে পৌঁছানোর পর পর্যায়ক্রমে Integrated Test এবং Trial Run শুরু করা হবে। এ প্যাকেজের বাস্তব অগ্রগতি ৩৫.০৮%।

করোনা মহামারী পরিস্থিতিতে MRT Line-6 এর কার্যক্রম চলমান রাখার নিমিত্ত গৃহীত পদক্ষেপ

- MRT Line-6 এর নির্মাণ কাজে নিয়োজিত ঠিকাদারী প্রতিষ্ঠানের জনবল যাতে শারীরিক দূরত্ব বজায় রেখে অবস্থান করতে পারেন সেজন্য নির্মাণস্থলের সন্নিকটে আবাসিক স্থাপনা নির্মাণ করা হয়েছে;

- পরামর্শক প্রতিষ্ঠান ও ঠিকাদারী প্রতিষ্ঠানের সকল পর্যায়ের জনবলের কাজে যোগদানের জন্য বাছাই করার নিমিত্ত প্রাথমিক পর্যায়ে COVIID-19 এর কোন উপসর্গ আছে কিনা তা যাচাই করা হয়। প্রথম পর্যায়ে উত্তীর্ণ জনবলকে দ্বিতীয় পর্যায়ে COVIID-19 পরীক্ষা করা হয়। পরীক্ষায় করোনা Positive প্রাপ্ত জনবলকে হোম অথবা প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনে রাখা নিশ্চিত করা হয়। প্রয়োজনে সরকারি বা চুক্তিবদ্ধ হাসপাতালে ভর্তি করা হয়। কেবল মাত্র COVIID-19 নেগেটিভ জনবলকে কাজের জন্য চূড়ান্ত বাছাই করে ১৪ দিনের গ্রুপ কোয়ারেন্টাইনে রাখা হয়। গ্রুপ কোয়ারেন্টাইন সম্পন্ন হওয়ার পর কাজে যোগদান করেন; এবং

- চলমান COVIID-19 পরিস্থিতি মোকাবেলায় গাবতলী কন্সট্রাকশন ইয়ার্ডে ১০ শয্যা বিশিষ্ট এবং উত্তরাস্থ পঞ্চবটি কন্সট্রাকশন ইয়ার্ডে ১৪ শয্যা বিশিষ্ট Isolation Center (Field Hospital) নির্মাণ করে চালু করা হয়েছে। ৩১ ডিসেম্বর ২০২০ তারিখ পর্যন্ত মোট ৩১২ জন COVIID-19 এ আক্রান্ত হয়েছেন। কোন মৃত্যু নেই।